গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা শাখা

পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন
উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৫ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১.০ সভার তারিখ ও সময়: ২৬ জানুয়ারি ২০১৬, বেলা ১২.০০ ঘটিকা।

১.১ সভার স্থান: এন.ই.সি-১ সম্মেলন কক্ষ।

১.২ সভাপতি: জনাব মোহাম্মদ সফিকুল আজম
সচিব, পরিকল্পনা বিভাগ।

১.৩ সভায় উপস্থিতির তালিকা সংযোজনী 'ক'-তে দেয়া হ'ল।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। গত ০৯/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব (পিটি), পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতির চিত্র উপস্থাপন করেন। চলতি অর্থ বছরে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন ১৫টি প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দ ১২৬.১২ কোটি টাকা এবং ২০১৫-১৬ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ২৫.২২৪১ কোটি টাকা। প্রকল্পসমূহের বরাদ্দের বিপরীতে গড় ব্যয় ২০%।

২.১ সভায় ২০১৫-১৬ অর্থ বছরের প্রকল্প গুলো ব্যয়ের সার্বিক চিত্র তুলা ধরা হয়। ২০১৫-১৬ অর্থ বছরের ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

লক্ষ টাকা

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ | জুন ১৫ পর্যন্ত ব্যয় | ব্যয়ের শতকরা হার % |
|---|---|---|---|---|
| ১ | ইমারজেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেস্টোরেশন শীর্ষক প্রকল্প | ৫.০০ | ২.২৫৪৪ | ৪৫.০৯ |
| ২ | পরিকল্পনা কমিশন চত্বরের ফটক, সীমানা প্রাচীর এবং আনুষঙ্গিক সুবিধাদিসহ নিরাপত্তা কক্ষ পুনঃনির্মাণ প্রকল্প, | ৮.৫১ | ২.১৬০৫ | ২৫.০৩ |
| ৩ | পরিকল্পনা কমিশন চত্বরে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল (ই/এম) এবং আরবরিকালচার কাজের উন্নয়ন প্রকল্প | ৮.৯৮ | ১.১০ | ১২.২৫ |
| ৪ | বিসিএস ইকনমিক একাডেমী প্রতিষ্ঠা শীর্ষক প্রকল্প | ২.৫০ | ০.১৪৮৪ | ৫.৯৪ |
| ৫ | ইমপ্লিমেন্টেশন অব ডিজিটাল একনেক শীর্ষক কারিগরি সহায়তা | ১০.৯৮ | ০.৫৪৯৫ | ৫.০০ |
| ৬ | ভৌত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী শক্তিশালীকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প | ৩.০৫ | ১.১৩৬৪ | ৩৭.২৬ |
| ৭ | স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব দ্যা জেনারেল ইকোনমিক ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন ইস্যুস ইনটু ডেভেলপমেন্ট প্ল্যান শীর্ষক প্রকল্প | .৮৪ | ০.৫১৬২ | ৬১.৪৫ |
| ৮ | এনহ্যানসিং দ্যা ক্যাপাসিটি অব এসইআই ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন এন্ড জেন্ডার ইস্যুস ইনটু সেক্টরাল প্ল্যানিং শীর্ষক প্রকল্প | .৯০ | ০.২৭৪৪ | ৩০.৪৯ |
| ৯ | সাপোর্ট টু সাসটেইনেবল এন্ড ইনক্লুসিভ প্ল্যানিং প্রকল্প | ১০.০৯ | ৩.২৩৫৪ | ৩২.০৭ |
| ১০ | বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ প্রণয়ন শীর্ষক প্রকল্প | ৪৬.৫২ | ৮.৬৩৬৪ | ১৮.৫৬ |
| ১১ | প্রিপারেশান এন্ড মনিটরিং অব মিডিয়াম টার্ম ডেভেলপমেন্ট প্ল্যানস (সেভেনথ ফাইভ ইয়ার প্ল্যান) শীর্ষক প্রকল্প | ২.৬৪ | ০.৭৯০১ | ২৯.৯৩ |
| ১২ | স্ট্রেংদেনিং অব অপারেশনাল সাপোর্ট ইউনিট ইন দি প্রোগ্রামিং | ০.০১ | - | - |
| ১৩ | স্ট্রেংদেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম শীর্ষক প্রকল্প | ১৬.৭৯ | ৪.৪৫৫৯ | ২৬.৫৪ |
| ১৪ | আরবান রেজিলিয়েন্স প্রজেক্টঃ প্রজেক্ট কো-অর্ডিনেশন এন্ড মনিটরিং ই (ইউআরপিঃ পিসিএমইউ) অংশ প্রকল্প | ৫.০০ | - | - |
| ১৫ | প্রকল্প পরিচালক, পরিকল্পনা কমিশন চত্বরে ব্যাংক, ডে-কেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক, গ্যারেজ ও পোস্ট অফিস নির্মাণ প্রকল্প, | ৪.৩২ | - | - |

২.২ সভায় জানানো হয় যে, নতুন ৩টি প্রকল্পের হালনাগাদ অনুমোদন পরিস্থিতি নিম্নরুপঃ

| প্রকল্পের নাম | বর্তমান পরিস্থিতি |
|---|---|
| পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন | প্রকল্প কোডের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে এবং ভৌত কাজের দরপত্র যাচাইয়ের কাজ চলছে। |
| পরিকল্পিত উন্নত বাংলাদেশ প্রদর্শন | প্রকল্প কোডের জন্য অর্থ বিভাগে এবং অর্থ বরাদ্দের জন্য কার্যক্রম বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>প্রকল্পের এলইডি প্রদর্শন কাঠামো সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সেবা ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে। |
| পরিকল্পনা কমিশন চত্তরে সোলার প্যানেল স্থাপন প্রকল্প | প্রকল্পের ডিপিপি পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্যগণপূর্ত ই/এম বিভাগ-৭ কে পত্র দেওয়া হয়েছে। |

২.৩ সভায় বিসিএস ইকনমিক প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মামলাটি ইতোমধ্যে নিস্পত্তি হয়েছে। প্রকল্প এলাকায় অননুমোদিত স্থাপনা উচ্ছেদের কাজ সম্পন্ন হয়েছে এবং বাউন্ডারি ওয়াল করার জন্য কার্যাদেশ দেওয়া হয়েছে। অধিকাংশ প্রকল্পের বরাদ্দ আরএডিপিতে কমানো হবে মর্মে প্রকল্প পরিচালকগণ সভাকে জানান। এছাড়া ইসিআরআরপিঃ (পিসিএমইউ) প্রকল্পের আওতায় ডিডিএম কম্পোনেন্টটির মেয়াদ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু এ কম্পোনেন্টটির সিডি ভ্যাট খাতে পর্যাপ্ত পরিমান টাকা না থাকায় প্রকল্পের কাজ সম্পূর্ণ করা যাচ্ছে না। এ কারণে কম্পোনেন্টটি সংশোধনসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। প্রায় সকল প্রকল্পের আর্থিক অগ্রগতি কম থাকলেও বাস্তব অগ্রগতি ভাল মর্মে প্রকল্প পরিচালগণ সভাকে অবহিত করেন।

৩. বিবিধ আলোচনা:

পরিকল্পনা বিভাগের যুগ্ম-সচিব মহোদয় সভাকে অবহিত করনে যে, কোন প্রকল্পের জনবল প্রকল্প শেষ হলে রাজস্ব খাতে নেওয়া হবে মর্মে ডিপিপি/টিপিপিতে উল্লেখ করা যাবে না। সভাপতি মহোদয় সভাকে আরো অবগত করেন যে, পরিকল্পনা কমিশনের চত্তরে সোলার সিস্টেম স্থাপন প্রকল্পটি অতি শীঘ্র অনুমোদন ও আনুষাঙ্গিক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৪.০** বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ক | পরিকল্পনা কমিশনের চত্তরে সত্তর সোলার প্যানেল স্থাপন প্রকল্প টি অতি শীঘ্র অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| খ | কোন প্রকল্পের জনবল প্রকল্প শেষ হলে রাজস্ব খাতে নেওয়া হবে মর্মে ডিপিপি/টিপিপিতে উল্লেখ করা যাবে না | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |

৫.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ সফিকুল আজম
সচিব
পরিকল্পনা বিভাগ।